

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৩০

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৫

প্রবাসী ত্রিপুরাবাসী সামিট-২০২৫ অনুষ্ঠিত

টিআইএফটি-র উদ্যোগে এই প্রথম অনুষ্ঠিত হয় ‘প্রবাসী ত্রিপুরাবাসী সামিট-২০২৫’। আজ মুখ্যমন্ত্রী ওয়ার রুমে বহিরাঙ্গ্যে এবং বিদেশে বসবাসকারী সফল ত্রিপুরাবাসীদের সাথে এক ভারুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়। এতে মোট ৬০ জন রাজ্যবাসী অংশগ্রহণ করেন। রাজ্য সরকারের তরফে বৈঠকে উপস্থিত ছিলেন সুশাসন দপ্তরের সচিব কিরণ গিত্যে, মুখ্যমন্ত্রীর ওএসডি পরমানন্দ সরকার ব্যানার্জি, শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি, রাজ্য স্বাস্থ্য মিশনের এম ডি ড. সমিত রায় চৌধুরী, পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগি সহ বিভিন্ন দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ।

অনুষ্ঠানের প্রথমেই সুশাসন দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, মহাত্মা গান্ধীর ১৯১৫ সালে ভারত প্রত্যাভর্তনের সময়কে সাক্ষি রেখে প্রবাসী ভারতীয় দিবস ২০০৩ সাল থেকে উদযাপন করা হচ্ছে। এরই অঙ্গ হিসাবে ত্রিপুরাতে এই প্রথমবার আয়োজন করা হল প্রবাসী ত্রিপুরাবাসী সামিট-২০২৫। তিনি বলেন, এই অনুষ্ঠান আয়োজনের মূল উদ্দেশ্যই হচ্ছে ত্রিপুরার সমৃদ্ধ সংস্কৃতি এবং ঐতিহ্যকে প্রবাসী ত্রিপুরাবাসীদের মাধ্যমে বিশ্বের সামনে তুলে ধরা। রাজ্যের অগ্রগতিকে তরান্বিত করা। তিনি বলেন, ত্রিপুরাবাসীরা পৃথিবীর যে প্রান্তেই রয়েছেন সেখানেই ত্রিপুরার নাম উজ্জ্বল করেছেন এবং রাজ্যকে তুলে ধরার প্রয়াস জারি রেখেছেন। এই প্রসঙ্গে সচিব কিরণ গিত্যে বর্তমান ত্রিপুরার স্বাস্থ্য, শিক্ষা, যোগাযোগ, পর্যটন, অর্থনীতি, শিল্প সম্ভাবনা ইত্যাদির অগ্রগতির চিত্র তুলে ধরেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর ওএসডি পরমানন্দ সরকার ব্যানার্জি বলেন, বর্তমান রাজ্য সরকারও চায় ত্রিপুরার অগ্রগতির ক্ষেত্রে প্রবাসী ত্রিপুরাবাসীদের সাথে যোগাযোগ বজায় রাখতে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি, ধন্যবাদসূচক বক্তব্য রাখেন স্কিল ডেভেলপমেন্ট দপ্তরের অধিকর্তা মহম্মদ সাজাদ পি।
